পারে ? মহদপরাধও ভোগের দ্বারাতেই নাশ হয় এবং মহতের অনুগ্রহ-দ্বারাও নাশ হইয়া থাকে—শাস্ত্রে এইরূপ সিদ্ধান্ত দেখা যায়। তাহারই উত্তরে বলিতেছেন—যদ্যপি শাস্ত্রসিদ্ধান্ত এইরূপ আছে বটে, তথাপি শ্রীভগবৎপ্রেরণায় শ্রীবৃত্রবধে প্রবৃত্ত ইন্দ্রের তাদৃশ দোষ হয় নাই বলিয়াই ভগবদারাধনই দেবরাজের পক্ষে বিহিত হইয়াছে। শ্রীভগবানও শ্রীবৃত্রের আসুরভাব নিবারণের জন্যই সেইরূপ শ্রীবৃত্রবধের জন্য উপদেশ করিয়াছিলেন। এইরূপ সিদ্ধান্তে এই সংশয়েরই সমাধান হইয়া থাকে। ৬।১ শ্রীশুক ১২৬।১২৭॥

ক্বচিৎ প্রারব্ধপাপপরিহারিত্বমপ্যাহ দ্বাভ্যাম্—যন্নামধেয় শ্রবণানুকীর্ত্তনাদ্ যৎপ্রহ্বণাদ্ যৎস্মরণাদপি ক্বচিৎ। শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে, কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ। অহো বত শ্বপচোঽতো গরীয়ান্, যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্। তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা, ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে॥ ১২৮॥

টীকা চ—যন্নামধেয়স্য শ্রবণমনুকীর্ত্তনঞ্চ তস্মাৎ ক্বচিৎ কদাচিদপি শ্বানমত্তীতি শ্বাদঃ শ্বপচঃ সোঽপি সবনায় কল্পতে যোগ্যো ভবতি। তদুপপাদয়তি অহো বত ইত্যাশ্চর্য্যে যস্য জিহ্বাগ্রে তব নাম বর্ত্ততে স শ্বপচোঽপি। অতোঽস্মাদেব হেতোর্গরীয়ান্ যদ্ যস্মাদ্ বর্ত্ততে ইতি বা। কুত ইত্যত আহ, ত এব তপস্তেপুরিত্যাদিকা। ত্বন্নামকীর্ত্তনে তপআদ্যন্তর্ভূতমতস্তে পুণ্যতমা ইত্যর্থ ইত্যন্তা। উদ্ধবং প্রতি শ্রীভগবতা চোক্তম্—ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাদিতি। অত্র জাতিদোষহরত্বেন প্রারব্ধহারিত্বং স্পষ্টম্। এবং প্রারব্ধপাপহেতু ব্যাধ্যাদিহরত্বঞ্চ স্কান্দে—আধয়ো ব্যাধয়ো যস্য স্মরণান্নামকীর্ত্তনাৎ। তদৈব বিলয়ং যান্তি তমনন্তং নমাম্যহমিতি। উক্তঞ্চ নামকৌমুদ্যাং প্রারব্ধপাপহরত্বং ক্বচিদুপাসকেচ্ছাবশাদিতি ॥ ৩—৩৩॥ শ্রীদেবহূতিঃ॥ ১২৮॥

কোথাও যে ভক্তি প্রারব্ধ পাপ পর্য্যন্ত হরণ করিয়া থাকেন, তাহা দুইটি শ্লোকের দ্বারা দেখাইতেছেন—

যন্নামধেয় শ্রবণানুকীর্ত্তনাৎ, যৎপ্রহ্বাণাদ্ যৎস্মরণাদপি ক্বচিৎ।
শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে, কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ॥
অহোবত শ্বপচোঽতো গরীয়ান্, যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্।
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা, ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে॥

ভগবান্ শ্রীকপিলদেবকে মাতা শ্রীদেবহূতি কহিলেন—হে ভগবান্! যে তোমার নাম শ্রবণ কীর্ত্তন হইতে এবং তোমার চরণে প্রণাম ও স্মরণ হইতে কখনও কুক্কুরভক্ষক জাতিবিশেষ-শ্বাদ ও সবন-যাগ করিবার যোগ্যতা লাভ করে, আর সাক্ষাৎ তোমার দর্শন করিলে যে দুর্জ্জাতিও সবন-যাগের জন্য যোগ্যতা লাভ করিবে—তাহার আর কথা কি ? বড়ই